

**‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিসার্চ সোসাইটি’ (জেএনইউআরএস) এর উদ্যোগে ‘সেমিনার
অন রিসার্চ মেথডোলজি’ অনুষ্ঠিত**



১৫/০৭/১৮ রোজ রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর মার্কেটিং বিভাগের কনফারেন্স রুমে ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিসার্চ সোসাইটি’ (জেএনইউআরএস) এর উদ্যোগে ‘সেমিনার অন রিসার্চ মেথডোলজি’ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এছাড়া অনুষ্ঠানে “কী নোট স্পিকার” হিসেবে উপস্থিত ছিলেন মার্কেটিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. হুমায়ুন কবীর চৌধুরী, প্রবন্ধ উপস্থাপন করেন মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. নূর মোহাম্মদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লোক প্রশাসন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আসমা বিনতে ইকবাল, দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সিদ্ধার্থ শংকর জোয়ার্দার। জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিসার্চ সোসাইটি’র মডারেটর হিসেবে বাংলা বিভাগের সহকারী অধ্যাপক শাহ মো. আরিফুল আবেদ বক্তব্য প্রদান করেন। এছাড়া ছাত্রদের পক্ষ থেকে সংগঠনের আহ্বায়ক সালামান সোহেল শুভেচ্ছা বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন লোক প্রশাসন বিভাগের শিক্ষক রিতু কুন্ডু।